দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

C35

তারিখ ... 10 NOV 1988 ...
পৃষ্ঠা... ... ... কলাম... ...

# ভুল প্রশ্নপত্র সরবরাহ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৯ই নভেম্বর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগের ভুল প্রশ্নপত্র সরবরাহের কারণে আজ বাংলা সম্মান পরীক্ষার ষষ্ঠপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। পরে কর্তৃপক্ষ পরীক্ষা স্থগিত ঘোষণা করেন।

আজ বেলা ১ টায় বিশ্ববিদ্যালয়ে বাংলা সম্মানের ষষ্ঠপত্রের পরীক্ষা শুরু হয়। প্রশ্নপত্রের প্যাকেটের গায়ে ষষ্ঠ-

(১১-এর পাতায় দেখুন)

## ভুল প্রশ্নপত্র

(১ম পাতার পর)

পত্রের প্রশ্ন লেখা থাকলেও প্যাকেটের ভেতর অষ্টমপত্রের প্রশ্ন পাওয়া যায়। বেলা ২টায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভুল প্রশ্নপত্র সরবরাহের কারণে পরীক্ষা স্থগিত ঘোষণা করেন এবং ছাত্রদের পরীক্ষার হল থেকে চলে যাবার অনুরোধ জানান। এ সময় ছাত্ররা বিক্ষুব্ধ হলেও কোন প্রকার ক্ষয়ক্ষতি হয়নি। এ ব্যাপারে পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হলে তাঁকে অফিসে-বাসায় কোথাও পাওয়া যায়নি।